বকেয়া বেতনের দাবিতে সাভারে ঢাকা-আরিচা মহাসড়ক অবরোধ



ছবি: সংগৃহীত

সাভারে বকেয়া বেতনের দাবিতে ঢাকা-আরিচা মহাসড়ক অবরোধ করেছেন স্টেট ফাস্ট কুরিয়ার সার্ভিসের শ্রমিকরা। এতে সড়কটির গুরুত্বপূর্ণ অংশে যান চলাচল বিঘ্নিত হচ্ছে।

মঙ্গলবার (১৭ মার্চ) রাত সাড়ে ৯টার দিকে শ্রমিকরা মহাসড়কের রাজফুলবাড়িয়া বাসস্ট্যান্ড এলাকায় অবস্থান নিয়ে অবরোধ শুরু করেন।

ঘটনার সত্যতা নিশ্চিত করে সাভার মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আরমান আলী জানান, পুলিশ ঘটনাস্থলের উদ্দেশ্যে রওনা হয়েছে, তবে এখনো সেখানে পৌঁছায়নি।

বিস্তারিত আসছে...

LENS ASIA